গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
শাজাহানপুর, বগুড়া।
acl.shajahanpur.bogra.gov.bd

## ২০ (বিশ) একর পর্যন্ত সরকারি খাস বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর ১৪ মার্চ, ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯.(অংশ-২).২৭৪ এবং জেলা প্রশাসক, বগুড়া মহোদয়ের কার্যালয়ের রাজস্ব শাখার ২৮ মার্চ, ২০২৩ তারিখের ০৫.৫০.১০০০.০০৮.৬৭.০০৩.১৯.৪৮৯(২৪) নং স্মারকপত্র মোতাবেক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ (সংশোধনী নীতি ২০১২) অনুযায়ী বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন ২০(বিশ) একর পর্যন্ত সরকারি খাস বদ্ধ জলমহালসমূহ শর্তসাপেক্ষে বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কেবলমাত্র সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী স্থানে অবস্থিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। ইজারা প্রদান পদ্ধতির আওতায় মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতি পাওয়া না গেলে জলমহালের পার্শ্ববর্তী সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একক সমিতিকে (বেকার যুবক/মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধাদের সন্তান/যুব মহিলা/বিধবা ও স্বামী পরিত্যক্তা/আনসার/ভিডিপি/গ্রাম পুলিশ সদস্য/দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি) উল্লিখিত ০৩ (তিন) উল্লিখিত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। আগ্রহী মৎস্যজীবী সমিতি/সংগঠন/নিবন্ধিত একক সমিতিকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখে অফিস চলাকালীন উপজেলা ভূমি অফিস, শাজাহানপুর, বগুড়া হতে ৫০০/-(পাঁচশত) টাকা এর বিনিময়ে (অফেরৎযোগ্য) নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। আবেদনপত্রসমূহ ক্যালেন্ডারে উল্লিখিত সময়সূচি অনুযায়ী অফিস চলাকালীন দাখিল করতে হবে। জলমহালসমূহের হালনাগাদ তালিকা এ কার্যালয় হতে সংগ্রহ করা যাবে এবং উপজেলা ভূমি অফিসের ওয়েব পোর্টালের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক অ্যাকাউন্টের হিসাব বিবরণীর ও লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র, সমিতির সভাপতি/ সাধারণ সম্পাদকের জাতীয় পরিচয়পত্র এবং মোবাইল নম্বরসহ ফরমে উল্লিখিত অন্যান্য সকল তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে । আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে । কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না ।

### ক্যালেন্ডার ও সময়সূচি

| ক্র. নং | আবেদন ফরম বিক্রয়ের শুরু এবং শেষ তারিখ | আবেদন ফরম দাখিলের তারিখ | দাখিলকৃত কপি যাচাই-বাছাই এর তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১২/০৪/২০২৩ হতে ২৬/০৪/২০২৩ | ২৭/০৪/২০২৩ হতে ০২/০৫/২০২৩ | ০৩/০৫/২০২৩ সময়- দুপুর ২.০০ টা | উপজেলা ভূমি অফিস, শাজাহানপুর, বগুড়া | ইজারা সংক্রান্ত পরবর্তী কার্যাবলী সংশ্লিষ্টদের যথাযথ প্রক্রিয়ার জানানো হবে |

অন্যান্য শর্তাবলী :

১ সরকারি জলমহাল ইজারা ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধনী নীতি ২০১২) এর ইজারা সংক্রান্ত যাবতীয় শর্ত প্রযোজ্য হবে।

২. নির্দিষ্ট যে জলমহালের জন্য আবেদন করা হবে, উক্ত জলমহাল ব্যতীত অন্য জলমহালের জন্য তা ব্যবহার করা যাবে না।

৩. জলমহাল ইজারার মেয়াদ ১৪৩০ বঙ্গাব্দের ০১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১৪৩২ বঙ্গাব্দের ০১ বৈশাখ থেকে কার্যকর বলে গণ্য হবে। এ সময়ের মধ্যে কোন কারণে যদি খাস কালেকশন করা হয়, তা সরকারি খাতে জমা হবে, ইজারা প্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না।

৪. আবেদনকারী কোন মৎস্যজীবি সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য হিসেবে বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরুপ উপজেলা সমবায় অফিসার/সমাজ সেবা অফিসার (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে এবং সাথে পূর্ববর্তী ২(দুই) বৎসরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে সদ্য প্রতিষ্ঠিত সমিতির জন্য অডিট রিপোর্ট প্রযোজ্য হবে না।

৫. সংশ্লিষ্ট মৎস্যজীবি সংগঠন/সমিতি ৩(তিন) বছর মেয়াদে ইজারা পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে।

৬. বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারামূল্যের ২০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, জামানত হিসেবে আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া বরাবরে সংযুক্ত করতে হবে। ইজারাপ্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারার অর্থের সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। ইজারাপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

৭. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারাপ্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি ১ম বছরের সাকুল্য ইজারামূল্য এবং ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) কর্মদিবসের মধ্যে একসঙ্গে পরিশোধ করে ৩০০/-(তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে । চুক্তিনামা সম্পাদন না হওয়া পর্যন্ত জলমহালের দখল ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দেয়া হবে না। ২য় বছরের ইজারামূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ৩য় বছরের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যেই পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৮. নির্ধারিত তারিখের মধ্যে সমুদয় ইজারামূল্য একসঙ্গে পরিশোধে ব্যর্থ হলে উক্ত ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং জলমহাল পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৯. সময়মত ইজারামূল্য পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের ইজারা বাতিল করা হলে উক্ত জলমহাল এর পুনরায় যথানিয়মে ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০ জলমহাল সরেজমিনে পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে আবেদন পত্র জমা দিতে হবে। অন্যথায় ইজারা গ্রহণের পর কোন ওজর আপত্তি চলবে না।

চলমান পাতা-২

১১. জলাশয়ের পাড়ে অবস্থিত কোন বৃক্ষ ইজারা গ্রহীতা কর্তন বা ক্ষতি করতে পারবে না। তিনি জলমহাল পাড়ে রক্ষিত বৃক্ষ নিজ দায়িত্বে সংরক্ষণ করতে বাধ্য থাকবেন। ইজারা গ্রহীতা জলাশয়ের পাড়ে বৃক্ষরোপণ ও সংরক্ষণ করতে পারবেন তবে তিনি তা কর্তন করতে পারবেন না।

১২. জলাশয়ের পাড়ে কোন ইমারত তৈরি বা অন্য কোন নির্মাণ কাজ করতে পারবে না।

১৩. ইজারা গ্রহীতা জলাশয়ের জমির পরিসীমা বজায় রাখবেন ও সংরক্ষণ করবেন। জলমহালের শ্রেণি পরিবর্তন বা কোনরূপে ক্ষতিসাধন করতে পারবেন না। জলমহালে কেউ যাতে অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা লীজ গ্রহীতা নিশ্চিত করবেন।

১৪. মৎস্য সংরক্ষণ আইন, ১৯৫০ মেনে চলতে হবে।

১৫. ইজারা গ্রহীতা এই জলমহাল অন্য কোন ব্যক্তি বা সমিতিকে সাব-লীজ প্রদান করতে পারবে না। সাব-লীজ প্রদান করা হলে ইজারা তৎক্ষণাৎ বাতিল বলে গণ্য হবে এবং ইজারাদাতা ইজারা বাতিল করতে পারবেন ও জামানতসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা সমিতি পরবর্তী ৩(তিন) বছরে কোন জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবে না।

১৬. ইজারা গ্রহীতাকে সময়ে সময়ে জলমহাল সংক্রান্ত জারিকৃত সরকারি নির্দেশ মেনে চলতে হবে। সরকারিভাবে উন্নয়ন প্রকল্প গৃহীত হলে সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৭. ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা মেয়াদ শেষে জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকারস্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে।

১৮. ইজারা মেয়াদ শেষ হলে মৎস্য সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

১৯. মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যন্ত সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

২০. ইজারা গ্রহীতা নিবন্ধিত কোন মৎস্যজীবি সমিতির সাথে কোন জঙ্গিবাদ সম্পৃক্ততা পাওয়া গেলে ইজারা বাতিল করে নতুনভাবে ইজারা/বন্দোবস্ত প্রদানে ব্যবস্থা করা হবে।

২১. ইজারা গ্রহীতা নিবন্ধিত কোন মৎস্যজীবি সমিতির সাথে পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা বা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

২২. বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবলমাত্র ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

২৩. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সংশোধিত নীতি ২০১২) এর কোন শর্ত বা ইজারাচুক্তির কোন শর্ত ইজারা গ্রহীতা ভঙ্গ করলে ইজারাদাতা ইজারা বাতিলপূর্বক অবিলম্বে জলমহালটি নতুনভাবে পুনরায় ইজারা/বন্দোবস্ত প্রদান করতে পারবেন।

২৪. কালেক্টর বা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সকল আদেশ নিষেধ যথাযথভাবে পালন করতে ইজারা গ্রহীতা বাধ্য থাকবে।

২৫. কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন/সমিতি একই বছরে দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

২৬. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ৩০ দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

২৭. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২৮. ইজারা প্রদানের পর যদি কোন জলমহাল নিয়ে বিজ্ঞ আদালতে মামলা চলমান আছে মর্মে জানা যায়, তৎক্ষনাৎ উক্ত জলমহালের ইজারা বাতিল বলে গণ্য হবে।

Saida 11/04/23

সাইদা খানম
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শাজাহানপুর, বগুড়া
টেলিফোন ঃ ০২৫৮৯৯১২১০১
ই-মেইল-unoshajahanpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.০৭.০০৩.২৩. ৬১২ তারিখ ঃ ১১/০৪/২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, বগুড়া।
২। উপজেলা পরিষদ চেয়ারম্যান, শাজাহানপুর, বগুড়া।
৩। উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া।
৪। উপজেলা ........................................................ কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া।
৫। সহকারী প্রোগ্রামার, শাজাহানপুর, বগুড়া। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৬। চেয়ারম্যান .................................... ইউপি (সকল), শাজাহানপুর, বগুড়া।
৭। ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা, (সকল)........ ... ......... ইউনিয়ন ভূমি অফিস, শাজাহানপুর, বগুড়া।।
৮। অফিস কপি।

11/04/23

শানজিদা মুস্তারী
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শাহাজানপুর, বগুড়া
ফোন ঃ ০২৫৮৮৭৭১১৩
E-mail: aclshajahanpurbogura@lrb.gov.bd

## ২০ একর পর্যন্ত সরকারি জলমহালের ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত ইজারার তালিকা

| ক্র: নং | ইউনিয়নের নাম | মৌজা | দাগ নং | পরিমাণ | জলমহালের নাম | গত বছরের ইজারা মূল্য | বাংলা ১৪৩০ সনের সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | আশেকপুর | চেঙ্গুইর | ৮১ | ০.২৫ | কালদিঘী | ১১৫৯ | ১২১৭ |
| ২ | আশেকপুর | নন্দকুল | ৫০২/৮১৩ | ০.১৬ | পানাতা পুকুর | ১১০৩ | ১১৫৯ |
| ৩ | আশেকপুর | নন্দকুল | ৯৪৫/১৩১১ | ০.৩৫ | পদ্মগাড়ী | ১১৫ | ১২১ |
| ৪ | আশেকপুর | নন্দকুল | ৯৫৬/১৩৩৫ | ০.১৪ | কাঠালতলা | ৮২৮ | ৮৭০ |
| ৫ | আশেকপুর | নন্দকুল | ১০২২/১৪২২ | ০.১৩ | শানাগাড়ী | ৮২৬ | ৮৬৮ |
| ৬ | আশেকপুর | নন্দকুল | ৬৩৬/১১০৬ | ০.১৮ | জিম্মাগাড়ী | ১২২৫ | ১২৮৬ |
| ৭ | আশেকপুর | নন্দকুল | ৯৫০ | ০.৫২ | কালাপুকুর | ৩৯৬০ | ৪১৫৮ |
| ৮ | আশেকপুর | নন্দকুল | ৭৪৬ | ০.৪৬ | মজরে পুকুর | ৪২১০ | ৪৪২০ |
| ৯ | আশেকপুর | নন্দকুল | ৫৩২ | ০.৪৩ | দূর্গা দামো | ১২৬০ | ১৩২৩ |
| ১০ | আশেকপুর | নন্দকুল | ২৬৫ | ০.৩৪ | মুছার গাড়ী | ২৩১০ | ২৪২৫ |
| ১১ | আশেকপুর | সাবরুল | ১০২৪ | ০.২৬ | বোরো গাড়ী | ৮৫১ | ৮৯৪ |
| ১২ | আশেকপুর | সাবরুল | ৩৫১৮ | ০.৪১ | মড়া গাড়ী | ১১৫৯ | ১২১৭ |
| ১৩ | আশেকপুর | চকজোড়া | ১৫০১ | ০.৫৮ | চান্দ গাড়ী | ২৮৬৪ | ৩০০৭ |
| ১৪ | আশেকপুর | জোড়া | ১৯৫১ | ০.২৩ | তালপুকুর | ৭৮৬ | ৮২৫ |
| ১৫ | আশেকপুর | বয়রাদিঘী | ২০১/৩৫১ | ০.৯০ | খামার পুকুর | ১৯৮৫ | ২০৮৪ |
| ১৬ | আশেকপুর | নন্দকুল | ২৬৮ | ১.২৩ | খামার পুকুর-২ | ২০০০ | ২১০০ |
| ১৭ | মাদলা | হেলেঞ্চাপাড়া | ৫০৮/৭৮৪ | ০.৪০ | তারত গাড়ী | ৪০০০ | ৪২০০ |
| ১৮ | মাদলা | হেলেঞ্চাপাড়া | ৮৮৯/১১৩১ | ০.৬২ | ভেকুর বিল | ৫০০০ | ৫২৫০ |
| ১৯ | মাদলা | হেলেঞ্চাপাড়া | ০৭/১৩ | ০.৬০ | চেচকোর বিল | ৫০০০ | ৫২৫০ |
| ২০ | মাদলা | চাচাইতারা | ১৮১/৮০৯ | ০.১২ | হ্যাড়াগাড়ী | ১৫১৫ | ১৫৯১ |
| ২১ | মাদলা | নন্দগ্রাম | ৫৬০/৭৪৫ | ০.৫৩ | চাম্পা পুকুর | ৬২৩৭ | ৬৫৫০ |
| ২২ | মাদলা | শেরকোল | ১১ | ১.১০ | গজাড়ে বিল | ১৬৫০০ | ১৭৩২৫ |
| ২৩ | মাদলা | শেরকোল | ১৮০৬ | ১.৩৩ | হন্যির বিল | ৬৮৯৬ | ৭২৪১ |
| ২৪ | মাদলা | শেরকোল | ১৮৮৭ | ০.৮৪ | হাসো গাড়ীর বিল পলি ভাঙ্গা | ৩৫৩২ | ৩৭০৯ |
| ২৫ | মাদলা | শেরকোল | ১০৪৯ | ১.২৬ | হাসো গাড়ীর বিল | ২২১৭ | ২৩২৮ |
| ২৬ | মাঝিড়া | সাজাপুর | ১৮৯ | ০.১০ | সাজাপুর পুকুর-১ | ৩৪৭৪ | ৩৬৪৮ |
| ২৭ | মাঝিড়া | সাজাপুর | ২২২ | ০.১১ | সাজাপুর পুকুর | ৩২৬৪ | ৩৪২৭ |
| ২৮ | মাঝিড়া | সাজাপুর | ২৯৪ | ০.৩০ | সাজাপুর পুকুর | ৭৯৮ | ৮৩৮ |
| ২৯ | মাঝিড়া | সাজাপুর | ১৪৭১ | ০.১৮ | সাজাপুর পুকুর | ৭৪৩ | ৭৮০ |
| ৩০ | মাঝিড়া | ডোমনপুকুর | ৩৩৬৯ | ০.২৫ | সরদার পাড়া | ২৩১৩ | ২৪২৯ |
| ৩১ | মাঝিড়া | ডোমনপুকুর | ২৯২৯ | ০.২৪ | সোলাগাড়ী-১ | ১৬০৫ | ১৬৮৫ |
| ৩২ | মাঝিড়া | সুজাবাদ | ১৭০২ | ০.৯০ | ডোবা | ২৪৩২ | ২৫৫৪ |
| ৩৩ | মাঝিড়া | সুজাবাদ | ২৮০২ | ০.৩৫ | পাড়লে দহপাড়া | ৩০১৯ | ৩১৭০ |
| ৩৪ | খরনা | কুন্দদেশমা | ৪৮৪ | ০.৬৩ | কাতিলা গাড়ী | ৭২৩৭ | ৭৬০০ |
| ৩৫ | খরনা | কুন্দদেশমা | ৪৩৬ | ০.৪৯ | সরকার পুকুর | ৭৫২৬ | ৭৯০২ |
| ৩৬ | খরনা | সাতকাউনিয়া | ২৬১ | ০.৪১ | তাঁতী গাড়ী | ৬৩৬৮ | ৬৬৮৬ |
| ৩৭ | খরনা | সাতকাউনিয়া | ৩৬৪ | ০.৮২ | খুলু পুকুর | ১১৫৭৭ | ১২১৫৬ |
| ৩৮ | খরনা | দাড়িগাছা | ৭৯৪ | ০.৩৫ | দাড়িগাছা পুকুর | ৩৪০২ | ৩৫৭২ |
| ৩৯ | খোট্টাপাড়া | মোস্তাইল | ১০০/৩৯ | ০.৫২ | মোস্তাইল বিল | ১০৫০ | ১১০২ |
| ৪০ | খোট্টাপাড়া | ঘাষিড়া | ১৪০৮ | ০.১৯ | মুন্সীগাড়ী | ৩৪৭৪ | ৩৬৪৮ |
| ৪১ | খোট্টাপাড়া | খালিশাকান্দি | ৬৮৬ | ০.১৫ | মধ্যপাড়া পুকুর | ১৬২১ | ১৭০২ |
| ৪২ | খোট্টাপাড়া | জালশুকা | ১০৩০ ১০২৮ | ০.৪৬ | মাদ্রাসা পুকুর | ২৭৫ | ২৮৯ |
| ৪৩ | খোট্টাপাড়া | বোহাইল | ৬৪৪ | ০.২৪ | বেড়াগাড়ী | ২৩৩৮ | ২৪৫৫ |

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | মৌজা | দাগ নং | পরিমাণ | জলমহালের নাম | গত বছরের ইজারা মূল্য | বাংলা ১৪৩০ সনের সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৪৪ | চোপীনগর | শাহনগর | ১২৯৭ | ০.৪৭ | হর মাসুদ বিল | ১৬৮২ | ১৭৬৬ |
| ৪৫ | চোপীনগর | বীরকুলা | ৪৯২ | ০.৬৫ | ছোট সাবেদা বিল | ১৪০০ | ১৪৭০ |
| ৪৬ | চোপীনগর | বীরকুলা | ৫৯৮ | ০.১৫ | কোনের বিল-১ | ২২০৫ | ২৩১৫ |
| ৪৭ | চোপীনগর | বীরকুলা | ৬১২ | ০.৯১ | কোনের বিল | ২০০০ | ২১০০ |
| ৪৮ | চোপীনগর | কামারপাড়া | ১২৪৬ | ০.৩৪ | ললুয়ার বিল | ২৫০০ | ২৬২৫ |
| ৪৯ | আমরুল | নগরকান্দি | ৮৩৮ | ০.৫০ | জাবরকান্দি | ৭৯০ | ৮৩০ |
| ৫০ | আমরুল | নগরকান্দি | ২৪৮ | ০.৪১ | জাবরকান্দা বিল-১ | ????? | |
| ৫১ | আমরুল | নগরকান্দি | ৪৪৮ | ১.১২ | জাবরকান্দা বিল-২ | ১১০৩ | ১১৫৮ |
| ৫২ | আমরুল | নগরকান্দি | ১৮১২ | ০.২৫ | জাবরকান্দা বিল-৩ | ১৬৪৮ | ১৭৩০ |
| ৫৩ | আমরুল | নগরকান্দি | ৩৪৫৫ | ০.২৫ | জাবরকান্দা বিল | ১১৫৮ | ১২১৬ |
| ৫৪ | আমরুল | নগরকান্দি | ৩৫৩৫ | ০.৯৩ | বেলতলা বিল | ১১৫৮ | ১২১৬ |
| ৫৫ | আমরুল | নগরকান্দি | ৩০৮০ | ১.৭৮ | বাথনাচরা | ১১৫৯ | ১২১৭ |
| ৫৬ | আমরুল | নগরকান্দি | ৩১২৮ | ০.৮৪ | বাথনাচরা-১ | ১১৫৯ | ১২১৭ |
| ৫৭ | আমরুল | নগরকান্দি | ৩০৯৯ | ১.৭৮ | বাথনাচরা-২ | ২৮৪৪ | ২৯৮৬ |
| ৫৮ | আমরুল | নগরকান্দি | ৫০০১<br>৫৩৭২ | ০.৫১ | সরুলিয়া পুকুর | ৩৮০০ | ৩৯৯০ |
| ৫৯ | আমরুল | নগরকান্দি | ৫৩২৯/১৩১৮৯ | ২.৬০ | মজাপুকুর | ৬১৪৪ | ৬৪৫১ |
| ৬০ | আমরুল | নগরকান্দি | ৩০৫১/৬৪৪৭,৬৪৪৮ | ০.৭২ | ভূমধার পুকুর-১ | ৮১০ | ৮৫১ |
| ৬১ | আমরুল | নগরকান্দি | ৬২৬১ | ০.৩৬ | সাচ্চার বিল | ৬৮৬ | ৭২০ |
| ৬২ | আমরুল | নগরকান্দি | ১০৭৮ | ০.৫৭ | ভূমধার | ২৪৩৪ | ২৫৫৬ |
| ৬৩ | আমরুল | নগরকান্দি | ৪৩২৩ | ০.৪৯ | দিগ দাড়িয়া | ৮১১ | ৮৫২ |
| ৬৪ | আমরুল | নগরকান্দি | ৮০৪৩ | ০.৩৬ | নালী তোলা | ৫৮০ | ৬০৯ |
| ৬৫ | আমরুল | নগরকান্দি | ৬১৩১ | ০.২৪ | নগরকান্দি-১ | ৬৯০ | ৭২৫ |
| ৬৬ | আমরুল | নগরকান্দি | ৯৭১/৮১১ | ০.৯৭ | সাতবিলা পুকুর | ৩৫০০ | ৩৬৭৫ |
| ৬৭ | আমরুল | সরুলিয়া | ৫৫/১২২৯ | ৩.৬৮ | সরুলিয়া বিল | ৭৫৫০ | ৭৯২৮ |
| ৬৮ | আমরুল | নগরকান্দি | ৫৩২৩ | ০.৪৯ | নালী তোলা পুকুর | ৯২৭ | ৯৭৪ |
| ৬৯ | আমরুল | নগরকান্দি | ৫১৮ | ০.৪৯ | পাকুর তলা পুকুর | ৪৩০০ | ৪৫১৫ |
| ৭০ | আমরুল | ফুলকোর্ট | ৮০৮৪ | ০.৭৮ | খরকা জান | ৫০০০ | ৫২৫০ |
| ৭১ | আমরুল | ফুলকোর্ট | ৪৮৩ | ০.৩২ | দূর্বা দাংগা পুকুর | ৮৪০ | ৮৮২ |
| ৭২ | আমরুল | ফুলকোর্ট | ৯৯৭ | ০.৪১ | ফুলকোর্ট ডোবা-১ | ১৫৬০ | ১৬৩৮ |
| ৭৩ | আমরুল | ফুলকোর্ট | ৮৯৮/১০৪১ | ০.৮২ | সোনাইডাঙ্গা | ৭০০০ | ৭৩৫০ |
| ৭৪ | আমরুল | ফুলকোর্ট | ১২৯১ | ০.৩৭ | ফুলকোর্ট ডোবা | ৫৮০ | ৬০৯ |
| ৭৫ | আমরুল | ফুলকোর্ট | ১০৫ | ১.১৪ | ফুলকোর্ট-৩ | ২৪২১ | ২৫৪২ |
| ৭৬ | আমরুল | ফুলকোর্ট | ২০৮৪ | ২.৬২ | ফুলকোর্ট জলমহাল | ২৭৫০ | ২৮৮৮ |
| ৭৭ | আমরুল | শৈলধুকরী | ৫৯৫ | ২.২৬ | ফেরা দহ | ২০০০ | ২১০০ |
| ৭৮ | গোহাইল | পান্ডারপাড়া | ২২৭/৩৪০ | ০.৩২ | পান্ডারপাড়া পুকুর-১ | ২৫৭০ | ২৬৯৯ |
| ৭৯ | গোহাইল | পান্ডারপাড়া | ২১৪/৩৬৭ | ০.১৯ | ভেদা পুকুর | ১১০৬ | ১১৬১ |
| ৮০ | গোহাইল | পান্ডারপাড়া | ২৮২/৪৬৯ | ০.০৭ | পান্ডারপাড়া পুকুর-২ | ৩৬১ | ৩৭৯ |
| ৮১ | গোহাইল | পান্ডারপাড়া | ৩৩৭/৪১৮ | ০.০৮ | পান্তারগাড়ী | ৮৩৩ | ৮৭৫ |
| ৮২ | গোহাইল | সাধরা | ৩৪৬/৮০৬,৮০৭ | ০.২২ | সতি পুকুর | ৬৯৫ | ৭৩০ |
| ৮৩ | গোহাইল | সাধরা | ৪৩৪/৭৯৪ | ০.৩৯ | দরগা তলা পুকুর-১ | ২৪২২ | ২৫৪৩ |
| ৮৪ | গোহাইল | সাধরা | ৫১৭/১১৬ | ০.২৭ | মণ্ডশল পুকুর | ৭৭২ | ৮১১ |

| ক্র: নং | ইউনিয়নের নাম | মৌজা | দাগ নং | পরিমাণ | জলমহালের নাম | গত বছরের ইজারা মূল্য | বাংলা ১৪৩০ সনের সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৮৫ | গোহাইল | পালাহার | ৭৬/১১০ | ০.৬৯ | মরাকুটু | ১৭৩৭ | ১৮২৪ |
| ৮৬ | গোহাইল | পালাহার | ১৮০/১৪৬ | ০.৩৭ | কইলাতলা | ৮১১ | ৮৫২ |
| ৮৭ | গোহাইল | পালাহার | ৩৫২/৩৫৫ | ০.১৭ | উচুলগাড়ী | ৩৪৮ | ৩৬৫ |
| ৮৮ | গোহাইল | কাপাসুড়ি | ৫৩৯/৭১১ | ০.৫৬ | কাপাসুড়ি পুকুর | ১২১৭ | ১২৭৮ |
| ৮৯ | গোহাইল | কাপাসুড়ি | ৭৫২/১৩৯২ | ০.৬০ | বটতলা পুকুর | ১১৯১ | ১২৫১ |
| ৯০ | গোহাইল | কাপাসুড়ি | ৫০৪ | ০.১৪ | কাপসুড়ি পুকুর | ৮৫২ | ৮৯৫ |
| ৯১ | গোহাইল | কাপাসুড়ি | ৪৬২ | ০.১৫ | কাপসুড়ি পুকুর | ৬১৬ | ৬৪৭ |
| ৯২ | গোহাইল | চেলো | ৩৬৫ | ০.২২ | চেলো গাড়ী | ৫৮০ | ৬০৯ |
| ৯৩ | গোহাইল | চেলো | ৩৬৮/৮৮৮ | ০.২১ | চেলো গাড়ী | ১২০৮ | ১২৬৮ |
| ৯৪ | গোহাইল | চেলো | ৪১৫ | ০.১৫ | চেলো পুকুর-১ | ৭১০ | ৭৪৬ |
| ৯৫ | গোহাইল | চেলো | ৫৯৭ | ০.৫৩ | টেংরা পুকুর | ১১৫৯ | ১২১৭ |
| ৯৬ | গোহাইল | চেলো | ৭৬৬ | ০.৬৫ | চেলো পুকুর | ১৭৬৩ | ১৮৫১ |
| ৯৭ | গোহাইল | চেলো | ৫৬৪/৬৬১ | ০.০৬ | চেলো পুকুর-২ | ২৩৩ | ২৪৫ |
| ৯৮ | গোহাইল | চেলো | ৬৩৮/৮০৬ | ০.০৬ | চেলো পুকুর-৩ | ২৩৩ | ২৪৫ |
| ৯৯ | গোহাইল | চেলো | ৬৬৩/৮২২ | ০.১২ | চেলো পুকুর-৪ | ৩৪৮ | ৩৬৫ |
| ১০০ | গোহাইল | চেলো | ৩৭৩/৮৬৮ | ০.১১ | চেলো পুকুর-৫ | ৩৭১ | ৩৯০ |
| ১০১ | গোহাইল | রাতোল | ৪৬৭ | ০.২২ | কড়ি পুকুর | ৫৮০ | ৬০৯ |
| ১০২ | গোহাইল | রাতোল | ২৪১/৩৬৩ | ০.৫২ | কুমড়া গাড়া-১ | ৬০৬ | ৬৩৬ |
| ১০৩ | গোহাইল | রাতোল | ৪৯৭/৬৯৬ | ০.৫১ | আতা গাড়া | ১১৫৯ | ১২১৭ |
| ১০৪ | আড়িয়া | সোনাইদিঘী | ৪৫০ | ০.৩৫ | সোনাইদিঘী | ৭৪০০ | ৭৭৭০ |

শানজিদা মুস্তারী
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শাহাজানপুর, বগুড়া

সাইদা খানম
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শাজাহানপুর, বগুড়া